

ইকফাই বিশ্ববিদ্যালয়ে  
আন্তর্জাতিক কর্মশালা

আগরতলা, ১২ জুন :

ইকফাই বিশ্ববিদ্যালয় ত্রিপুরার ফ্যাকাল্টি অব ম্যানেজমেন্ট স্টাডিজের উদ্যোগে বিগত ৭-৮ জুন দুদিনব্যাপি এক আন্তর্জাতিক কর্মশালা আয়োজিত হয়। ‘শিল্পদ্যোগ ও যথাযথ উন্নয়ন--বিশ্বায়ণের যুগে এর সম্ভাবনা, বিকাশ এবং প্রতিদ্বন্দিতা’ শীর্ষক এই কর্মশালায় ভারতের বিভিন্ন রাজ্য ও প্রতিবেশী বাংলাদেশ থেকে বেশ কয়েকজন শিক্ষাবিদ, গবেষক ও শিল্পদ্যোগী অংশগ্রহণ করে। ফিজি ও ইথিওপিয়া থেকে দু’জন গবেষক স্কাইপ-এর মাধ্যমে কর্মশালায় অংশ নিয়ে গবেষণাপত্র জমা দেয়।

কর্মশালার আনুষ্ঠানিক উদ্বোধন করেন বাংলাদেশের বিশিষ্ট শিক্ষাবিদ তথা কুমিল্লা বিশ্ববিদ্যালয়ের গবেষক অধ্যাপক মহম্মদ আসানুল্লাহ এবং নাবার্ডের মহা প্রবন্ধক সুনীল কুমার। উপস্থিত ছিলেন ত্রিপুরা কেন্দ্রীয় বিশ্ববিদ্যালয়ের ডঃ দেবর্ষি মুখোপাধ্যায়, এন আই টি আগরতলার ডঃ অনিবার্ণ দত্ত এবং ফ্যাকাল্টি অব ম্যানেজমেন্ট স্টাডিজের অধ্যক্ষ ডঃ বি কে মুখোপাধ্যায়। সভাপতিত্ব করেন ইকফাই বিশ্ববিদ্যালয়ের নিবন্ধক ডঃ আভুলা রঙ্গনাথ।

দু’দিনব্যাপি কর্মশালায় মূল বিষয়ে আলোচনার পাশাপাশি গবেষণাপত্র এবং ব্যবসায়িক পরিকল্পনার উপস্থাপনের উপর ছোট্ট এক প্রতিযোগিতা শেষে তিনটি দলকে স্মারক ও উৎকর্ষতার শংসাপত্র দেওয়া হয়। সমাপ্তি অনুষ্ঠানে ভাষণ রাখতে গিয়ে অধ্যাপক মহম্মদ আসানুল্লাহ এধরনের সময়োপযোগি কর্মশালা আয়োজনের জন্য ইকফাই বিশ্ববিদ্যালয়ের ভূয়সী প্রশংসা করেন। বিশ্ববিদ্যালয়ের নিবন্ধক সৎক্ষিপ্ত আলোচনায় জানান, পড়ুয়া এবং গবেষকদের পুঁথিগত ও পেশাগত দক্ষতা বৃদ্ধিতে ইকফাই বিশ্ববিদ্যালয় সর্বদা সামনের সারিতে থাকবে।

প্রেস বিবৃতি